গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

NILPHAMARI GOVT. COLLEGE, NILPHAMARI

| কলেজ কোড | |
|---|---|
| মাউশি | : সক ০১৬৭ |
| ইআইআইএন | : ১২৫১৮৯ |
| দিনাজপুর বোর্ড | : ৬৫০০ |
| জাতীয় বিশ্বঃ | : ৩১০১ |

website: https://ngc.edu.bd email: principalnilgc@yahoo.com Mobile: 01733390703

বিজ্ঞপ্তি নম্বর: নীঃসঃকঃ ২১৭/২০২৬ তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রি.

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী:

নীলফামারী সরকারি কলেজে একাদশ শ্রেণির আসন সংখ্যা: বিজ্ঞান- ৩২০, মানবিক- ৩০০, ব্যবসায় শিক্ষা- ২০০

▶ভর্তির আবেদনের যোগ্যতা: অত্র কলেজে অনলাইনে ভর্তির আবেদন করার জন্য এসএসসি/সমমান পরীক্ষার ফলাফলে নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে-

বিজ্ঞান: সর্বনিম্ন জিপিএ ৪.০০ মানবিক: সর্বনিম্ন জিপিএ ৩.০০ ব্যবসায় শিক্ষা: সর্বনিম্ন জিপিএ ৩.৫০

### একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্যতা ও নির্বাচন:

- ▶ যে কোন শিক্ষাবর্ষে এস.এস.সি./সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের সাল এবং ধারাবাহিকভাবে পূর্ববর্তী দুই সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।
- ▶ ভর্তির আবেদনে একজন প্রার্থী যেভাবে বিভাগ নির্বাচন করতে পারবে: যেমন- (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি। (খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং (গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।
- ▶ কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% আসন মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করতে হবে।

### অনলাইনে ভর্তি:

- ▶ শিক্ষার্থীরা অনলাইন আবেদনের জন্য www.xiclassadmission.gov.bd ওয়েব সাইট ঠিকানার মাধ্যমে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। আবেদনের ক্ষেত্রে ২২০/- (সার্ভিস চার্জ ব্যতিত) টাকা ফি প্রযোজ্য হবে। আবেদন ফি অনলাইন পোর্টালের মাধ্যমে পেমেন্ট গেইটওয়ে (সোনালী সেবা এবং SSLCOMMERZ) এর বিভিন্ন ব্যাংক, কার্ড, মোবাইল ব্যাংকিং (যেমন বিকাশ, নগদ, রকেট, ইত্যাদি) ব্যবহার করে জমা দেওয়া যাবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করবে।
- ▶ ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৪০/- টাকা (সার্ভিস চার্জ ব্যতিত) জমা দিয়ে তার নির্বাচন নিশ্চয়ন করবে। একজন শিক্ষার্থী একবার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে।

▶ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:

| ক্র: | বিষয় | | তারিখ |
|---|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে।) | | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০ টা) |
| ৫ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | | ১৯/০৯/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৭ | কলেজে ভর্তির তারিখ | ব্যবসায় শিক্ষা- ২০/০৯/২০২৬, | বিজ্ঞান- ২১/০৯/২০২৬, মানবিক- ২২/০৯/২০২৬ |
| ৮ | ক্লাস শুরু | | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

*** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

### প্রয়োজনে যোগাযোগের জন্য:

জনাব মোঃ মফিজুল ইসলাম, সহযোগী অধ্যাপক, পদার্থবিজ্ঞান - ০১৭১৮০৯১৩৯১
জনাব মোঃ সলেমান আলী, প্রভাষক, ইসঃ ইতিহাস ও সংস্কৃতি - ০১৭৪৫৩৮৩৪৭৬
জনাব মোছাঃ জয়নব বিনতে জাহাস, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান - ০১৮৭২৭৪০৯৮৭

প্রতিস্বাক্ষর

৩০.০৮.২০২৬

(প্রফেসর এ কে এম সিদ্দিকুর রহমান)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

(প্রফেসর এ কে এম সিদ্দিকুর রহমান)
অধ্যক্ষ
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

৩০.০৮.২০২৬

(প্রফেসর মোঃ আলীনূর ইসলাম)
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭)
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।